

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৫

১/ পবিত্রতা (ﷺ আ کتاب الطهارة عن رسول الله পরিচ্ছেদঃ বাতকর্মের কারণে উয করা।

باب مَا جَاءَ فِي الْوُضُوءِ مِنَ الرِّيحِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ النَّهِ صِلَى الله عليه وسلم قَالَ " إِذَا كَانَ أَحَدُكُمْ فِي الْمَسْجِدِ فَوَجَدَ هُرَيْدَةَ، أَنَّ رَسُولَ النَّهِ صِلَى الله عليه وسلم قَالَ " إِذَا كَانَ أَحَدُكُمْ فِي الْمَسْجِدِ فَوَجَدَ رِيحًا بيْنَ أَلْيَتَيْهِ فَلاَ يَخْرُجْ حَتَّى يَسْمَعَ صَوْتًا أَوْ يَجِدَ رِيحًا ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ النَّهِ بْنِ زَيْدٍ وَعَلِيّ بْنِ طَلْقٍ وَعَائِشَةَ وَابْنِ عَبّاسٍ وَابْنِ مَسْعُودٍ وَأَبِي سَعِيدٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُو قَوْلُ الْعُلَمَاءِ أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْوُضُوءُ إِلاَّ مِنْ عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُو قَوْلُ الْعُلَمَاءِ أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْوُضُوءُ إِلاَّ مِنْ حَدَث يَسْمَعُ صَوْتًا أَوْ يَجِدُ رِيحًا . وَقَالَ عَبْدُ النَّهِ بْنُ الْمُبَارَكِ إِذَا شَكَّ فِي الْحَدَثِ فَإِنَّهُ لاَ حَدَث يَسْمَعُ صَوْتًا أَوْ يَجِدُ رِيحًا . وَقَالَ عَبْدُ النَّهِ بْنُ الْمُبَارَكِ إِذَا شَكَّ فِي الْحَدَثِ فَإِنَّهُ لاَ يَجِبُ عَلَيْهِ الْوُضُوءُ حَتَّى يَسْتَيْقِنَ اسْتِيقَانًا يَقْدِرُ أَنْ يَحْلِفَ عَلَيْهِ . وَقَالَ إِذَا خَرَجَ مِنْ قُبُلِ الْمُرْأَةِ الرِّيحُ وَجَبَ عَلَيْهَا الْوُضُوءُ . وَهُو قَوْلُ الشَّافِعِيّ وَإِسْحَاقَ .

বাংলা

৭৫. মুতায়বা (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন তোমাদের কারুর যদি মসজিদে অবস্থানকালে বায়ু নির্গত হচ্ছে বলে ধারণা হয় তবে শব্দ বা গন্ধ না পাওয়া পর্যন্ত মসজিদ থেকে (উযূর) জন্য বের হবে না। - সহিহ আবু দাউদ ১৬৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু যায়দ,আলী ইবনু তালক, আয়িশা, ইবনু আব্বাস, ইবনু মাসউদ, আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়া বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। এই বিষয়ে আলিমগণের অভিমত এই যে, বায়ু নির্গত আওয়াজ শুনে বা এর গন্ধ পেয়ে উযূ (ওজু/অজু/অযু) বিনষ্ট হওয়া সম্পর্কে নিশ্চিত না হওয়া পর্যন্ত উযূ করা ওয়াজিব নয়। আবদুল্লাহ ইবনু মুবারক বলেন উযূ বিনষ্ট হওয়ার বিষয়ে যদি সন্দেহ হয় তবে, করার মত নিশ্চিত বিশ্বাস না হওয়া পর্যন্ত উযূ (ওজু/অজু/অযু) করা ওয়াজিব হবে না। তিনি আরো বলেনঃ কোন মহিলার পেশাবের পথে যদি বায়ু নির্গত হয় তবে তাকে উযূ করতে হবে। ইমাম শাফিঈ ও ইসহাকরে অভিমতও এ-ই।



English

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "When one of you is in the Masjid, and he senses wind between his buttocks then he should not exit until he hears a sound or smells an odor."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন